# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

www.nubd.info/203 অথবা www.nu.edu.bd

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/৩য় বর্ষ অনার্স/বিজ্ঞপ্তি/০২/২০১৩/২০১৪/৫৭৭

তারিখ ঃ ১০/চৈত্র/১৪২১ বঙ্গাব্দ
২৪/মার্চ /২০১৫ খ্রস্টাব্দ

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষা আগামী মে-২০১৫ মাসে অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী যথাসময়ে প্রকাশ করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online-এর মাধ্যমে সম্পন্ন করা হবে। **২০০৯-২০১০ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী অনিয়মিত ও মানোন্নয়ন** পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণ, ফি জমাদান ও অন্যান্য তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো ঃ

| ক্রম | পরীক্ষার্থীদের ফি-এর বিবরণ | টাকা | আবেদন ফরম, বিবরণী ফরম পূরণ শুরু ও শেষ তারিখ | ডাটা এন্ট্রির শেষ তারিখ | সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শুরু ও শেষ তারিখ (জরিমানা ছাড়া) | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১. | তত্ত্বীয় (প্রতি পূর্ণ কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ২০০/- | ২৪/০৩/২০১৫খ্রিঃ মঙ্গলবার থেকে ১২/০৪/২০১৫খ্রিঃ রবিবার | ১৩/০৪/২০১৫খ্রিঃ সোমবার রাত ১১.৫৯ টা | ১৫/০৪/২০১৫খ্রিঃ বুধবার সকাল ১০.০০টা থেকে ১৬/০৪/২০১৫খ্রি বৃহস্পতিবার বিকাল ৪.০০টা পর্যন্ত | ২০/০৪/২০১৫খ্রিঃ সোমবার |
| ২. | তত্ত্বীয় (প্রতি অর্ধ কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ১৪০/- | | | | |
| ৩. | ব্যবহারিক (প্রতি কোর্স) -বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ২০০/- | | | | |
| ৪. | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)-কলেজে জমা হবে। | ৩৫০/- | | | | |
| ৫. | কেন্দ্র ফি ব্যবহারিক(প্রতি পরীক্ষার্থী)-কলেজে জমা হবে | ১২০/- | | | | |
| ৬. | ইন-কোর্স /টিউটোরিয়াল পরীক্ষা ফি (প্রতি পরীক্ষার্থী) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ১০০/- | | | | |
| ৭. | ইন-কোর্স /টিউটোরিয়াল পরীক্ষা ফি (প্রতি পরীক্ষার্থী) - কলেজে জমা হবে | ২০০/- | | | | |
| ৮. | বিশেষ অন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীর জন্য কোর্স প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী - বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৩০০/- | | | | |

বিঃ দ্রঃ **১৩/০৪/২০১৫ তারিখ থেকে ১৯/০৪/২০১৫ তারিখ পর্যন্ত ৮০০/- টাকা এবং ২০/০৪/২০১৫ তারিখ থেকে ২৬/০৪/২০১৫ তারিখ পর্যন্ত ১৫০০/- টাকা বিলম্ব ফি দিয়ে ফরম পূরণ ও ডাটা এন্ট্রি করা যাবে। বিলম্ব ফি দিয়ে যারা ফরম পূরণ করবে তাদের সোনালী সেবার মাধ্যমে ২৮/০৪/২০১৫ তারিখ বিকাল ৪.০০ টা'র মধ্যে টাকা জমা দিতে হবে। উভয় বিলম্ব ফি-এর বিবরণী ও অন্যান্য কাগজপত্র জমা দেয়ার শেষ তারিখ ২৯/০৪/২০১৫ খ্রিঃ।**

### আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম সংগ্রহ ও অন্যন্য নিয়মাবলী ঃ

আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম ইত্যাদির জন্য পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/203) অথবা (www.nu.edu.bd) থেকে প্রিন্ট করে অথবা প্রিন্ট কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। আবেদন ফরম পূরণ করার পর নির্ধারিত ফি সহ সংশ্লিষ্ট কলেজের স্ব স্ব বিভাগে ফরম জমা দিতে হবে।

**১। ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী নিয়মিত, অনিয়মিত ও গ্রেডউন্নয়ন পরীক্ষার্থীদের শর্তাবলী ঃ**

**ক) নিয়মিত ঃ** ২০১০-২০১১ শিক্ষাবর্ষের যে সকল ছাত্র/ছাত্রী ২০১২ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে **তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে** কেবল মাত্র সে সকল ছাত্র/ছাত্রীরা ২০১৩ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

**খ) অনিয়মিত ঃ** ২০০৯-১০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১২ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি কিন্তু ২য় বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ /প্রমোটেড হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**গ) গ্রেড উন্নয়ন ঃ** ২০১২ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী ৪র্থ বর্ষে উত্তীর্ণ হয়েছে এদেও মধ্যে যারা ২০১২ সালের পরীক্ষায় যে সকল কোর্সে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০১৩ সালের তৃতীয় বর্ষ অনার্স গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।

- যে সকল শিক্ষার্থী ২০১২ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে চতুর্থ বর্ষে উত্তীর্ণ/অনুত্তীর্ণ হয়েছে এবং এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে সে সকল কোর্সে শিক্ষার্থীরা ২০১৩ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে F গ্রেড প্রাপ্ত কোর্স পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।
- সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমূহ উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে ছয় শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। এফ গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে মানোন্নয়নের সুযোগ থাকবে না।
- যে সকল শিক্ষার্থী ২০১২ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় একটি কোর্সে অনুপস্থিত থেকে ৪র্থ বর্ষে প্রমোশন পেয়েছে সে সকল শিক্ষার্থী ২০১৩ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- ইন-কোর্স ও ব্যাবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

## ২। অনার্স পাঠ্যসূচী (Syllabus) ঃ

২০০৯-২০১০, ২০১০-২০১১ শিক্ষাবর্ষের নিয়মিত; অনিয়মিত ও গ্রেডউন্নয়ন পরীক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ক) ১০০ নম্বরের তত্ত্বীয় কোর্সের মধ্যে ৮০ নম্বর চূড়ান্ত পরীক্ষা, ১৫ নম্বর ইন-কোর্স পরীক্ষা এবং ০৫ নম্বর ক্লাস উপস্থিতির ভিত্তিতে নির্ধারিত হবে। একই ভাবে তত্ত্বীয় ৫০ নম্বরের কোর্সের মধ্যে ৪০ নম্বর চূড়ান্ত পরীক্ষা, ০৭ নম্বর ইন-কোর্স পরীক্ষা এবং ০৩ নম্বর ক্লাস উপস্থিতির ভিত্তিতে নির্ধারিত হবে। ইন-কোর্স এবং ক্লাস উপস্থিতির নম্বর যোগ করে প্রতিটি কোর্সকোডের বিপরীতে একসাথে অনলাইনে প্রেরণ করতে হবে এবং প্রেরণকৃত নম্বরের প্রিন্টআউট সংশিষ্ট শাখায় প্রবেশপত্র গ্রহণের তারিখে হাতে হাতে জমা দিতে হবে। এ ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত পরীক্ষা রেগুলেশনের কোর্সভিত্তিক নম্বর বন্টন অনুসরণ করতে হবে। ইন-কোর্স নম্বর প্রেরণ সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী যথাসময়ে **www.nubd.info/203** এ প্রকাশ করা হবে।

খ) প্রতি পূর্ণকোর্স ০৪ (চার) ক্রেডিট। পূর্ণমান-৮০, পরীক্ষার সময় ০৪ (চার) ঘন্টা।

গ) প্রতি অর্ধকোর্স ০২ (দুই) ক্রেডিট। পূর্ণমান-৪০, পরীক্ষার সময় ২.৫ (আড়াই) ঘন্টা।

**ঘ) তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নুন্যতম যোগ্যতাঃ**

- ❖ তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য পরীক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ করে **কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে** তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।
- ❖ ০১ টি কোর্সে অনুপস্থিত হলে অন্যন্য সকল কোর্সের পরীক্ষায় পরীক্ষার্থীকে নুন্যতম D গ্রেড অর্জন করতে হবে।

**ঙ) ২০০৯-২০১০, ২০১০-২০১১ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের গ্রেডিং সিস্টেম (Grading System) ঃ**

❖ পরীক্ষার্থীর ফলাফল মূল্যায়নের জন্য নিম্নলিখিত লেটার গ্রেড ও সংশ্লিষ্ট গ্রেড পয়েন্ট থাকবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত অভিন্ন গ্রেডিং পদ্ধতি অনুযায়ী গাণিতিক (Numerical) নম্বর, লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট হবে নিম্নরূপঃ

| Numerical Grade | Letter Grade(LG) | Grade Point(GP) |
|---|---|---|
| 80% or above | A+ (Plus) | 4.00 |
| 75% to less than 80% | A (Plain) | 3.75 |
| 70% to less than 75% | A- (Minus) | 3.50 |
| 65% to less than 70% | B+ (Plus) | 3.25 |
| 60% to less than 65% | B (Plain) | 3.00 |
| 55% to less than 60% | B- ( Minus) | 2.75 |
| 50% to less than 55% | C+ ( Plus) | 2.50 |
| 45% to less than 50% | C (Plain) | 2.25 |
| 40% to less than 45% | D (Plain) | 2.00 |
| <40% (less than 40%) | F (Fail) | 0.00 |

## ৩। ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের শর্তাবলীঃ

**ক) অনিয়মিত** ঃ ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষের যে সকল ছাত্র-ছাত্রী ২০১২ সালের তৃতীয়বর্ষ অনার্স পরীক্ষায় নট-প্রমোটেড বা অকৃকার্য হয়েছে অথবা ২য় বর্ষে প্রমোটেড হওয়ার পর তৃতীয় বর্ষের পরীক্ষায় ইতোপূর্বে অংশগ্রহণ করেনি সে সকল ছাত্র/ছাত্রী ২০১৩ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

**খ) মানোন্নয়ন** ঃ

১) ২০০৭-২০০৮ এবং ২০০৮-২০০৯ শিক্ষা বর্ষের যে সকল ছাত্র-ছাত্রী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১২ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় যে সব তত্ত্বীয় কোর্সে ৪৫% এর কমনম্বর পেয়েছে সে সব কোর্সে/কোর্সসমূহে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২) ২০১২ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় যে সকল ছাত্র/ছাত্রী কোন একটি তত্ত্বীয় কোর্সে অনুপস্থিত থেকে C-Promoted (Conditional Promoted) একবারের জন্য ৪র্থ বর্ষে প্রমোশন পেয়েছে, সেই সকল ছাত্র/ছাত্রী উক্ত অনুপস্থিত তত্ত্বীয় কোর্সে ২০১৩ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অবশ্যই অংশগ্রহন করতে হবে, উক্ত পরীক্ষায় অংশগ্রহণ নাকরলে তার অনার্স কোর্স বাতিল বলে গণ্য হবে। একইসাথে উক্ত পরীক্ষার্থী ৪৫% এর কমনম্বর পাওয়া অন্যান্য তত্ত্বীয় কোর্সগুলোতেও নম্বর উন্নয়নের জন্য মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৩) ২০১২ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় যে সকল ছাত্র/ছাত্রী টিউটোরিয়াল/ব্যবহারিক পরীক্ষায় অনুপস্থিত বা ৪০% এর কমনম্বর পাওয়ায় C-Promoted (Conditional Promoted) হয়ে একবারের জন্য ৪র্থ বর্ষে প্রমোশন পেয়েছে তারা ২০১৩ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে উক্ত অনুপস্থিত বা ৪০% এর কমনম্বর পাওয়া টিউটোরিয়াল/ব্যবহারিক পরীক্ষায় অবশ্যই অংশ গ্রহণ করতে হবে, উক্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে তার ২০১২ সালের Conditional Promotion (C-Promoted) বাতিল বলে গণ্য হবে এবং তার অনার্স কোর্স বাতিল হবে। সে ক্ষেত্রে তাদের টিউটোরিয়াল/ব্যবহারিক পরীক্ষার নম্বর নিয়মিত (২০১০-২০১১ শিক্ষাবর্ষের) পরীক্ষার্থীদের ইন-কোর্স নম্বরের সাথে পুনরায় প্রেরণ করতে হবে। তৎসঙ্গে উক্ত পরীক্ষার্থীরা ৪৫% এর কমনম্বর পাওয়া অন্যান্য তত্ত্বীয় কোর্সগুলোতেও নম্বর উন্নয়নের জন্য মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৪) ব্যবহারিক/ টিউটোরিয়াল পরীক্ষায় ৪০% বা তার উপরে নম্বর পেয়ে থাকলে তারা মনোন্নয়নের সুযোগ পাবে না।

৫) যে সকল পরীক্ষার্থী তত্ত্বীয় কোর্সে ৪৫% বা তার উপরে নম্বর পেয়েছে তারা সে সকল কোর্সে মনোন্নয়নের সুযোগ পাবে না।

## ৪। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) ঃ

- ❖ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর (পরীক্ষার্থীর অংশ) স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফিসহ নিজ কলেজের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে পরীক্ষার্থীর রোল নম্বর ও রেজিঃ নম্বর এবং কোর্সকোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা যাচাই করে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে, অন্যাথায় আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
- ❖ আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত কোর্সকোড (ব্যবহারিক, টিউটোরিয়ালসহ) লিখতে হবে। কোর্সকোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ❖ আবেদন ফরমে কোর্সকোড লিখতে কোন প্রকার ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে।

- ❖ প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি (সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে।
- ❖ পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

## ৫। আবেদন ফরম পূরণের নিয়মাবলী (কলেজের জন্য) ঃ

- ❖ যে সকল পরীক্ষার্থী ২০১৩ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটাএন্ট্রি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www.nubd.info/203)** অথবা **(www.nu.edu.bd)** -এ রক্ষিত সফটওয়ারে করতে হবে। যদি কোন বৈধ পরীক্ষার্থীর ডাটা ওয়েব সাইটে পাওয়া নাযায় সেক্ষেত্রে পরীক্ষার্থীর কাগজপত্র যাচাই পূর্বক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে ওয়েব সাইটে নাম এন্ট্রির ব্যবস্থা করতে হবে। ওয়েব সাইটে ডাটা নাই এমন কোন পরীক্ষার্থীকে প্রবেশ পত্র সরবরাহ করা হবে না। বিশ্ববিদ্যালয়ের অনুমতি ব্যতিরেকে এ ধরণের কোন পরীক্ষার্থীর আবেদন ফরম পূরণ করা যাবে না।
- ❖ আবেদন ফরম পরীক্ষার্থী সঠিকভাবে পূরণ করছে কি-না তা যাচাই করে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন, অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। আবেদন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কলেজ সংরক্ষণ করবে। *এটি বিশ্ববিদ্যালয়ে পাঠাতে হবে না।* যদি কোন পরীক্ষার্থীর আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হয় {আবেদন ফরম পূরণের পর থেকে পরীক্ষার ফলাফল প্রকাশের ০৬ (ছয়) মাসের মধ্যে} তবে যে কোন সময় তা সরবরাহ করতে হবে।
- ❖ বিবরণী ফরম পূরণে ভুলের কারণে পরীক্ষার্থীর প্রবেশপত্র ভুল হলে নির্ধারিত ৫০০(পাঁচশত) টাকা ফি জমাদান সাপেক্ষে তত্ত্বীয় পরীক্ষা শুরু হওয়ার পূর্বেই প্রবেশপত্র সংশ্লিষ্ট শাখা হতে সংশোধন করে নিতে হবে। এ ক্ষেত্রে মূল প্রবেশপত্রের সাথে বিবরণীর ফটোকপি জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ কোন ক্রমেই প্রবেশপত্র সংশোধন করতে পারবেন না।

## ৬। বিবরণী ফরম পূরণ/পরীক্ষার্থীর ডাটা এন্ট্রির নিয়মাবলী (কলেজের জন্য) ঃ

- ❖ নিয়মিত পরীক্ষার্থীদের বিবরণী ফরম আলাদা ভাবে তৈরী করার প্রয়োজন নেই অর্থাৎ অনার্স বিষয়ভিত্তিক সকল পরীক্ষার্থীর ডাটা একসাথে এন্ট্রি করা যাবে।
- ❖ আবেদন ফরমে পরীক্ষার্থীর অংশ থেকে পরীক্ষার্থীর বর্তমান কলেজ কোড, রেজিস্ট্রেশন নম্বর ও কোর্সকোড নির্ধারিত সফটওয়ারের মাধ্যমে এন্ট্রি করতে হবে। এ ক্ষেত্রে নিয়মিত পরীক্ষার্থীদের শুধুমাত্র নির্বাচনী কোর্সকোড এন্ট্রি করতে হবে।
- ❖ প্রতিটি কলেজের প্রতিটি বিষয়ের জন্য আলাদা আলাদা পাসওয়ার্ড দিয়ে log-in করতে হবে। কলেজ কর্তৃপক্ষকে অবশ্যই On-line এ ডাটা এন্ট্রি করার পূর্বেই কলেজ প্রোফাইলে log-in করে বিষয়ভিত্তিক User ID & Password create/সংগ্রহ করে নিতে হবে।
- ❖ অনার্স বিষয়ভিত্তিক বিবরণী ফরম এন্ট্রি করার পর তা যাচাই করে প্রিন্ট কপির নির্ধারিত স্থানে পরীক্ষার্থী স্বাক্ষর করবে।
- ❖ ফরম পূরণের নিয়মাবলী ও তথ্যাদিসহ বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(www.nubd.info/203)** অথবা **(www.nu.edu.bd)** দেয়া আছে। প্রয়োজনে ডাউনলোড করে নেয়া যাবে। যে কোন তথ্যের জন্য
  E-mail; **nuh203@ gmail.com** নম্বরে যোগাযোগ করা যেতে পারে।
- ❖ তৃতীয় বর্ষ অনার্স বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথা সময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। সুতরাং যথাসময়ে কলেজ কে ডাটা এন্ট্রি করতে হবে।

## ৭। বিবরণী ফরম জমাদানের নিয়মাবলী ঃ

- ❖ বিবরণী ফরমের ডাটা সঠিকভাবে এন্ট্রি প্রিন্টআউট নিয়ে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর হওয়ার পর মূলকপিটির টপশীটে কর্মরত শিক্ষক তালিকার কপিসহ অনার্স বিষয়ভিত্তিক সংরক্ষণ উপযোগী বাঁধাই করে তার উপর কলেজের নাম ও অনার্স বিষয়ের নাম সুস্পষ্ট করে লিখে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে এবং তার ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। বিষয়ভিত্তিক কর্মরত শিক্ষক তালিকাসহ বাঁধাইকৃত বিবরণী ফরম উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, তৃতীয় বর্ষ অনার্স শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে।

- ❖ আঞ্চলিক কেন্দ্রের ঠিকানাঃ

| | | |
|---|---|---|
| জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র রাজশাহী<br>বাড়ী # ০৫, রোড # ০১, গ্রীণ ভিলা, পারিজাত আ/এ, ভদ্রা, রাজশাহী। ফোনঃ ০৭২১-৭৬২১৪১ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র চট্টগ্রাম<br>বাড়ী # ১০৮(৪র্থ তলা), রোড # ১৭, সিডিএ, আগ্রাবাদ আ/এ, চট্টগ্রাম।<br>ফোনঃ ০১৭১১২২০৪৪১, ০১৭১৪৫৩৩২৫৮ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র সিলেট<br>আহাদ ভিলা, পাঠানটুলি পয়েন্ট, সিলেট।<br>ফোনঃ ০৮২১-৭২৯১০২ |
| জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র খুলনা<br>বাড়ী # ২২৭, রোড # ০১, কে ডি এ আবাসিক এলাকা, সোনাডাঙ্গা , খুলনা-৯০০০।<br>ফোনঃ ০৪১-৭৩৬৭৩ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র বরিশাল<br>হোল্ডিং নং # ১০০০, ওয়ার্ড # ১২, মেডিক্যাল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা,বরিশাল-৮২০০।<br>ফোনঃ ০৪৩১-৬১১৬৮, ০১৭১৫৫৭৭৭০৫ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র রংপুর<br>বাড়ী # ৩৯০, জি এল রায় রোড, কামাল কাছনা, রংপুর ৫৪০০।<br>ফোনঃ ০৫২১-৫৬০১৫ |
| ঢাকা বিভাগের জন্য ঃ তৃতীয় বর্ষ অনার্স শাখা, পরীক্ষা ভবন-১, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর। | | |

## ৮। ফি জমাদানের নিয়মাবলী ঃ

- ❖ ২০১৩ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফি ডিজাইনকৃত নির্ধারিত জমাফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.nubd.info/203** থেকে ডাউনলোড করে "সোনালী সেবা"-এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে।
- ❖ সংশ্লিষ্ট কলেজ **www.nubd.info/203** ওয়েবসাইট-এ Log in করে pay slip ডাউনলোড করবে। pay slip -এ সংশ্লিষ্ট খাতে সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংক লিখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।
- ❖ pay slip সংগ্রহের জন্য ১৫/০৪/২০১৫ তারিখ বুধবার সকাল ১০.০০ টা থেকে ১৬/০৪/২০১৫ তারিখ বৃহস্পতিবার বিকাল ০৪.০০টা পর্যন্ত Link active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে pay slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ❖ **"সোনালী সেবা" সংক্রান্ত ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।**

## ৯। ইন-কোর্স /টিউটোরিয়াল নম্বর প্রেরণঃ

ওয়েব সাইটে নির্দিষ্ট সফটওয়ার এবং তার নির্দেশনা অনুযায়ী ইন-কোর্স/টিউটোরিয়াল নম্বর প্রেরণ করতে হবে। নির্দিষ্ট সফটওয়ারে পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, রেজিঃ নম্বর এবং প্রাপ্ত নম্বর এন্ট্রি হওয়ার পর অনার্স বিষয়ভিত্তিক ০২ (দুই) কপি প্রিন্ট নিতে হবে। উক্ত প্রিন্ট কপি দুইটি বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষর হওয়ার পর এক কপি **উপ-পরীক্ষা নিয়ন্ত্রক তৃতীয় বর্ষ অনার্স** শাখায় **তত্ত্বীয় পরীক্ষা শুরু হওয়ার পূর্বেই** হাতে হাতে জমা দিতে হবে এবং অন্য কপিটি কলেজ সংরক্ষণ করবে।

## ১০। ব্যবহারিক নম্বর প্রেরণঃ

ওয়েব সাইটে নির্দিষ্ট সফটওয়ার এবং তার নির্দেশনা অনুযায়ী ব্যবহারিক নম্বর প্রেরণ করতে হবে। নির্দিষ্ট সফটওয়ারে পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, রেজিঃ নম্বর এবং প্রাপ্ত নম্বর এন্ট্রি হওয়ার পর অনার্স বিষয়ভিত্তিক ০২ (দুই) কপি প্রিন্ট নিতে হবে। উক্ত প্রিন্ট কপি দুইটি বিভাগীয় প্রধান,আন্তঃ পরীক্ষক ও বহিঃ পরীক্ষকের স্বাক্ষর হওয়ার পর এক কপি **উপ-পরীক্ষা নিয়ন্ত্রক তৃতীয় বর্ষ অনার্স** শাখায় হাতে হাতে জমা দিতে হবে এবং অন্য কপিটি কলেজ সংরক্ষণ করবে।

## ১১। পরীক্ষক নিয়োগঃ

যে সকল শিক্ষকগণ **TMIS** এ আওতাভুক্ত হয়েছেন তাদের ভিতর থেকে তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষা ২০১৩ এর পরীক্ষক নিয়োগ করা হবে। যে সকল শিক্ষকগণ এখন পর্যন্ত **TMIS** এ আওতাভুক্ত হয় নাই তারা আগামী ৩০/০৪/২০১৫তারিখের ভিতর **TMIS** এ আওতাভুক্ত হতে হবে।

## ১২। পরীক্ষা পরিচালনা ব্যয় নির্বাহ ঃ

- ❖ কেন্দ্র ফি বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজপত্র ও দ্রব্যাদি গ্রহণ করার প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে নির্বাহ করতে হবে। কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ৬০% কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে) নিকট পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে। অবশিষ্ট ৪০% অর্থ দ্বারা সংশ্লিষ্ট কলেজের পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না।
- ❖ ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কলেজে (প্রয়োজনীয় সংখ্যক পরীক্ষার্থী থাকা সাপেক্ষে) অনুষ্ঠিত হবে। সেক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট কলেজ ব্যবহার করবে। ব্যবহারিক পরীক্ষা তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষাশেষে যথাসময়ে জানানো হবে।

**পরীক্ষার সময়সূচী, ফরম পূরণের নিয়মাবলী, বিষয়/কোর্স কোডের তালিকা এবং অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/203) অথবা (www.nu.edu.bd) থেকে জানা যাবে।**

(স্বাক্ষরিত) ২৪/৩/১৫

(বদিরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন # ০২-৯২৯১০১৭

স্মারক নং-জাতীঃবিঃ/পনি/৩য় বর্ষ অনার্স/বিজ্ঞপ্তি/০২/২০১৩/২০১৪/৫৭৭

তারিখ ঃ ১০/চৈত্র/১৪২১ বঙ্গাব্দ
২৪/মার্চ /২০১৫ খ্রস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। প্রো-ভাইস চ্যান্সেলর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। ট্রেজারার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩। ডীন (সকল), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৪। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৫। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৬। **পরিচালক, কম্পিউটার ও আই.সি.টি. ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর** (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৭। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ।
৮। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ।
৯। অধ্যক্ষ, অনার্স পাঠদানকারী কলেজসমূহ। (সংশ্লিষ্ট সকলকে জরুরীভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
১০। সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১১। উপ-পরিচালক, অভ্যন্তরীন নিরীক্ষা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১২। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর।
১৩। অফিস কপি।

(স্বাক্ষরিত) ২৪.৩.১৫

(মোঃ কামরুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
তৃতীয় বর্ষ অনার্স
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।
ফোন # ০২-৯২৯১০৪১